

27006 - ফিতরা কাকে দেয়া যাবে

প্রশ্ন

বাজারে কিছু লোক ফিতরা চায়। আমরা জানি না যে, তারা কি দ্বীনদার; নাকি দ্বীনদার নয়? আর কিছু লোকের অবস্থা ভাল। তারা যা ফিতরা পায় নিজেদের সন্তানদের পেছনে ব্যয় করে। আর কিছু লোক বেতন পায়। কিন্তু তারা দ্বীনদারির ক্ষেত্রে দুর্বল। এমন ব্যক্তিদেরকে ফিতরা দেয়া কি জায়েয হবে; নাকি নয়?

প্রিয় উত্তর

ফিতরা গরীব মুসলমানদেরকে দিতে হবে; এমনকি তারা যদি পাপী হয় তবুও; যে পাপ তাদেরকে ইসলাম থেকে খারিজ করে দেয় না। যে ব্যক্তি ফিতরা গ্রহণ করছেন; দারিদ্রের ক্ষেত্রে ধর্তব্য হল তার বাহ্যিক অবস্থা; গোপনে সে যদি ধনী হয় তবুও। ফিতরা প্রদানকারীর জন্য বাঞ্ছনীয় সাধ্যানুযায়ী চেষ্টা করা যাতে করে তিনি দরিদ্র ভাল মানুষদেরকে ফিতরা দিতে পারেন। যদি পরবর্তীতে প্রকাশ পায় যে, ফিতরা গ্রহণকারী স্বচ্ছল; এতে করে ফিতরাপ্রদানকারীর কোন অসুবিধা হবে না। বরং তার ফিতরা আদায় হয়ে যাবে। আলহামদু লিল্লাহ।

আল্লাহ্‌ই তাওফিকদাতা।